

উত্তর ভারত মহাসাগরীয় হাইড্রোগ্রাফিক কমিশনের সভাপতি নির্বাচিত হয়েছে নৌবাহিনী

ওমানের মাস্কটে অনুষ্ঠিত উত্তর ভারত মহাসাগরীয় হাইড্রোগ্রাফিক কমিশনের সভাপতি নির্বাচিত হয়েছে বাংলাদেশ নৌবাহিনী। মাস্কটে অনুষ্ঠিত কমিশনের ১৫তম সভায় সদস্য দেশসমূহের সর্বসম্মতিতে বাংলাদেশ ২০১৫-২০১৬ সালের জন্য আঞ্চলিক হাইড্রোগ্রাফিক কমিশনের সভাপতি নির্বাচিত হয়।



গত ১৫ হতে ১৮ মার্চ ২০১৫ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত এ সভায় বাংলাদেশ, যুক্তরাজ্য, ফ্রান্স, অস্ট্রেলিয়া ও ভারতসহ ১৫ টি সদস্য ও পর্যবেক্ষক দেশ অংশগ্রহণ করে। এছাড়া বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধিগণ সভায় যোগ দেন। সভায় হাইড্রোগ্রাফিক কর্মকাণ্ডের মানোন্নয়ন এবং নিরাপদ নৌ চলাচলে হাইড্রোগ্রাফির করণীয় সংক্রান্ত বিষয়ে গুরুত্বপূর্ণ আলোচনা অনুষ্ঠিত হয়। এতে বাংলাদেশ নৌবাহিনীর পক্ষে নৌসদরের হাইড্রোগ্রাফি পরিদপ্তরের পরিচালক ক্যাপ্টেন এম ইমদাদুল হক (এইচ), এনডিসি, পিএসসি এর নেতৃত্বে দুই সদস্যের প্রতিনিধি দল অংশগ্রহণ করেন।